



চন্ডীদাস রচিত পদাবলীঃ

কালি বলি' কালা ----- কহে দ্বিজ চন্ডীদাসে ।।

বধু, কি আর বলিব তোরে । ----- পিরীতি কেমন জ্বালা ।।

শ্যাম, কি আর বলিব আমি । ----- শরণ পঞ্জর নাম ।।

(ঙ) শ্রীল রূপগোস্বামী শ্রীমতী রাধারাণীকে বিরহিনীরূপে চিত্রিত করিয়াছেন । এ বিষয়ে নিজরচিত গ্রন্থ হইতে পরিমিতসংখ্যক শ্লোক উদ্ধৃত করিয়া অর্থ লিখ ।

(চ) রাধারাণীর বিরহভাবের কতিপয় পদাবলী লিপিবদ্ধ করা হইলঃ

একবার ব্রজে চলো ----- তোর মাধুরী হেরে ।।

সখী, হামারি ----- হরি বিনু ইহ রাতিয়া ।।

জ্ঞানদাসরচিত -- মুড়াব মাথার কেশ ----- দারণ কুলের বাধা ।

কি কহব রে সখি-----

শ্রীমদ্ভাগবতমে দশম স্কন্ধে বিরহভাবের বর্ণনা আছে । 'সাধ্য-সাধন' গ্রন্থে 'মাথুর' অংশ দেখ ।

(ছ) শ্রীল রামানন্দ-মহাপ্রভু সংবাদে জীবের 'সাধ্যবস্ত' নির্ণয় করা হইয়াছে, যাহা চন্ডীদাস ও রূপগোস্বামী চিত্রিত বিরহিনী রাধার সঙ্গে সংহতি আছে । সেই বিরহভাবের অনুভূতিতে সাধকের 'সাধ্যবস্ত' ও 'শেষপ্রাপ্তি' লাভ করিতে মঞ্জুরীভাবের সাধনার সংক্ষিপ্ত বিবরণ দাও ।

- (৮) চৈতন্যভাগবত, চৈতন্যমঙ্গল (লোচন দাস ঠাকুর রচিত), উজ্জ্বলনীলমণি, হংসদূতম্, ভক্তিরত্নাকর, গোবিন্দলীলামৃতম্, গীতগোবিন্দ, 'কিশোরীতন্ত্র' গ্রন্থ সম্বন্ধে গবেষণা, গোড়ীয় বৈষ্ণব অভিধান, চন্ডীদাস-বিদ্যাপতি-জয়দেব রচিত পদাবলী ও কীর্তন ইত্যাদি গ্রন্থের আলোচনা ও বিশেষ বিশেষ তীর্থস্থানের বিবরণ এবং কতিপয় বিশেষ তীর্থস্থান পরিদর্শন করতঃ বাংলা ভাষায় নিজস্ব বর্ণনার দ্বারা শ্রীচৈতন্যচরিতামৃত গ্রন্থ সম্পর্কিত গুরুত্ব স্থাপন করিয়া Report তৈরী করিতে হইবে ।
- (৯) SUC হইতে Ph.D অর্জন করিতে Research এ নির্বাচিত ছাত্র/ছাত্রীগণকে Research Fellow নামে অভিহিত করা হইবে এবং প্রতি মাসে ৩ (তিন) বৎসর পর্যন্ত (৪০০০০-৪০৫০০-৪১০০০) Scholarship প্রদান করা হইবে । প্রতি বৎসর একটি বোনাস Scholarship জুলাই মাসের সমান অর্থ আগস্ট মাসে অতিরিক্ত প্রদান করা হইবে ।
- (১০) পরবর্তী বৎসর হইতে Vice-Chancellor (designate) রূপে University Staff তালিকায় অন্তর্ভুক্ত করা হইবে ।
- (১১) Ph.D প্রোগ্রামে Assistant Professor পদে নিয়োগপ্রাপ্ত প্রত্যেকের জন্য ৩ (তিন) বৎসরে ৩ (তিন)টি Official Tour আবশ্যকীয় । SUC প্রত্যেক Assistant Professor এর Official Tour এর জন্য ভাড়ামুক্ত বাসস্থানের ব্যবস্থা এবং যাতায়াত খরচাদি বহন করিবে, তবে Fooding নিজস্ব খরচে ।
- (১২) প্রত্যেক পরীক্ষায় প্রাপ্ত মার্ক একত্রে কমপক্ষে শতকরা (৪০%) মার্ক জমা হইলে ছাত্র/ছাত্রীকে Scholarship প্রদান করা হইবে । সন্তোষজনক ফলাফল ও প্রতিবেদনের (রিপোর্ট) ভিত্তিতে স্বল্পতম সময়ের মধ্যে সহকারী অধ্যাপক (Assistant Professor) পদে নিয়োগ দেওয়া হইবে ।